গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৬.০৩১.১৭.৪২০

তারিখ: ২০ চৈত্র ১৪২৫
০৩ এপ্রিল ২০১৯

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর অধীন দপ্তর/সংস্থাসমূহের শূন্য পদের সংখ্যা ও শূন্য পদ পূরণের কর্মপরিকল্পনা।**

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৪ মার্চ ২০১৯ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.১৯-৭৪ সংখ্যক উপানুষ্ঠানিক পত্রের কপি এ সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের চাহিদা অনুযায়ী শূন্য পদের বিস্তারিত তথ্য ও শূন্য পদ পূরণের কর্মপরিকল্পনা আগামী ০২ (দুই) কর্মদিবসের মধ্যে এ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে তথ্যাদি পাওয়া না গেলে বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করা হবে।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

৩-৪-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/রাজশাহী/যশোর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/চট্টগ্রাম/দিনাজপুর।

১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
১৫) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী
কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৬.০৩১.১৭.৪২০/১(২)

তারিখ: ২০ চৈত্র ১৪২৫
০৩ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক-৭, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



৩-৪-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব

অতি: সচিব (প্র: ও অ:) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
11 MAR 2019
ডাইরী নং ২৮০

উপ-সচিব (প্রশাসন) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ডায়েরী নং ............ তারিখ ............


প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


অতিঃ সচিব (প্রাঃ ও অঃ) এর দপ্তর

উপানুষ্ঠানিক পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.১৯-৭৪

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৫
০৪ মার্চ ২০১৯

প্রিয় সহকর্মী,

তরুণ-যুবসমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের নিশ্চয়তা প্রদানকে বর্তমান সরকার বিশেষ অঙ্গীকার হিসেবে ঘোষণা করেছে। কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকারের গৃহীত বিভিন্ন কর্মপরিকল্পনার পাশাপাশি সরকারি দপ্তরসমূহের শূণ্যপদে জনবল নিয়োগের মাধ্যমে সরকারের এ অঙ্গীকার অনেকাংশেই পূরণ করা সম্ভব। এ লক্ষ্যে সময়াবদ্ধ ও সক্রিয় কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে বিদ্যমান শূণ্যপদ পূরণের যথাযথ পদক্ষেপ গ্রহণ অত্যন্ত জরুরি।

০২। মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন সময়ে সরকারি দপ্তরসমূহে দ্রুত শূণ্যপদ পূরণের সদয় নির্দেশনা প্রদান করেছেন। সর্বশেষ গত ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় তিনি এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সানুগ্রহ অনুশাসন প্রদান করেন। উল্লেখ করা আবশ্যক যে, এ অনুশাসন গত ২৫ জানুয়ারি ২০১৯ তারিখে জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আগামী ৫ বছরের মধ্যে ১ কোটি ২৮ লক্ষ কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির সাথে সম্পর্কযুক্ত।

০৩। অনতিবিলম্বে আপনার মন্ত্রণালয়/ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে বিদ্যমান শূণ্যপদের যথাযথ ও সুনির্দিষ্ট তথ্য প্রণয়নের জন্য আপনার ব্যক্তিগত মনযোগ আকর্ষণ করছি। এ সকল শূণ্যপদে কত দিনের মধ্যে জনবল নিয়োগ সম্ভব তার একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা থাকা আবশ্যক। বিদ্যমান শূণ্যপদের তথ্য ও এ সকল শূণ্যপদ পূরণের জন্য প্রণীত কর্মপরিকল্পনা আগামী ২০ মার্চ ২০১৯ তারিখের (বুধবার) মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

০৪। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা ও অনুশাসন সময়াবদ্ধভাবে প্রতিপালনের মধ্য দিয়ে জনগণের প্রতি সরকারের বিভিন্ন প্রতিশ্রুতি সহজেই পূরণ করা সম্ভব বলে আমি বিশ্বাস করি। এক্ষেত্রে আপনার এবং আপনার মন্ত্রণালয়/ বিভাগের আওতাধীন সকল সহকর্মীর আন্তরিক সক্রিয়তা ও অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ রইলো।

আন্তরিকভাবে আপনার,

(মোঃ নজিবুর রহমান)

জনাব মোঃ সোহরাব হোসাইন
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়